

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৪৪

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

জুমেরচেচক অঙ্গনওয়াড়ি কেন্দ্রে টিকাকরণ ও টি-থ্রি কর্মসূচি

উনকোটি জেলার অন্তর্গত ইরানী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন ইরানী আয়ুষ্মান আরোগ্য মন্দিরের আওতাধীন জুমেরচেচক অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ৬ নভেম্বর ২০২৪ নিয়মিত টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত টিকাকরণ কর্মসূচিতে মোট চার জন শিশু ও দুই জন গর্ভবতীকে টিকাকরণ করানো হয়। উক্ত টিকাকরণ কর্মসূচিতে টিকাকরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা মা ও শিশুদের সঠিক সময়ে নিয়মিত টিকাকরণের গুরুত্ব, জননী শিশু সুরক্ষা কার্যক্রম, জননী সুরক্ষা যোজনা, পরিবার পরিকল্পনা, প্রাক প্রসবকালীন পরীক্ষা-নিরীক্ষার গুরুত্ব, হাসপাতালে প্রসবের প্রয়োজনীয়তা, জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্প এবং ম্যালেরিয়া প্রতিরোধের উপায় ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

এদিকে গত ৬ নভেম্বর ২০২৪ এখানে টি-থ্রি ক্যাম্প কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে গর্ভবতী মহিলাদেরকে হিমোগ্লোবিন পরীক্ষা করানো হয়। স্বাস্থ্যকর্মীরা উপস্থিত সকলের মধ্যে রক্তে হিমোগ্লোবিনের গুরুত্ব, রক্তে হিমোগ্লোবিনের মাত্রা স্বাভাবিকের নীচে নেমে গেলে কী করা উচিত, অ্যানিমিয়া প্রতিরোধের উপায় ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন। উক্ত কর্মসূচিতে এমপিডব্লিও মিজানুর রহমান, এএনএম মৌসুমী কর এবং আশাকর্মী উষা রাণী দেব উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
